# C.U. BENGALI (HONOURS) QUESTION PAPERS —2017

## (PART – I & II)

## PART – I

### প্রথম পত্র — ২০১৭

### পূর্ণমান—১০০

### (বাংলা সাহিত্যের ইতিহাস)

১। (ক) চর্যাপদের পুঁথির আবিষ্কর্তা, আবিষ্কারকাল, স্থানের নামোল্লেখ করো। বাংলা সাহিত্যের ইতিহাসে পুঁথিটির ঐতিহাসিক মূল্য নিরূপণ করো। প্রসঙ্গত চর্যাপদে প্রতিফলিত তৎকালীন বাংলার সমাজজীবনের পরিচয় দাও। ৩+৪+৮

**অথবা**, (খ) ভারতচন্দ্রের প্রতিভার শ্রেষ্ঠতম বিকাশ তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যে। —উপযুক্ত যুক্তিসহ মন্তব্যটি আলোচনা করো। ১৫

২। যে-কোনো **দুটি** গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও ঃ ৫×২

শ্রীরামপাঁচালি, শ্রীচৈতন্যচরিতামৃত, ধর্মমঙ্গল, লোরচন্দ্রাণী, শ্রীকৃষ্ণকীর্তন।

৩। (ক) বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে বিদ্যাসাগরের অবদান আলোচনা করো। ১৫

**অথবা**, (খ) আধুনিক বাংলা কাব্যের ইতিহাসে কবি সুভাষ মুখোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। ১৫

৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো **দুটি**) ঃ ৫×২

ভারতী, কৃত্তিবাস, হুতোম প্যাঁচার নক্শা, পুনশ্চ, ধূসর পাণ্ডুলিপি।

৫। (ক) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে উৎপল দত্তের অবদান আলোচনা করো। ১৫

**অথবা**, (খ) বাংলা উপন্যাসের ইতিহাসে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। ১৫

৬। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো **দুটি**) ঃ ৫×২

নবান্ন, গোরা, জাগরী, কারাগার, পদ্মানদীর মাঝি।

৭। নব্যভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস বিস্তারিত আলোচনা করো। ১৫

**অথবা**, (খ) উপভাষা কাকে বলে? উদাহরণসহ যে-কোনো **দুটি** বাংলা উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য সম্পর্কে লেখো। ৩+৬+৬

৮। (ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো **পাঁচটি**) ঃ ৫×২

...তি, নাসিক্যীভবন, জোড়কলম শব্দ, লোকনিরুক্তি, বিপর্যাস।

**অথবা**, ভাষাতাত্ত্বিক টীকা লেখো (যে-কোনো **পাঁচটি**) ২×৫

ওঝা, ভাত, আড়াই, দেশলাই, লাউ, সুয্যি, তেহাই, সমঝোতা, বেয়াড়া, আঠারো।

## দ্বিতীয় পত্র — ২০১৭

### পূর্ণমান—১০০

১। (ক) দলবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো। ১০

**অথবা**, (খ) সনেট কাকে বলে? সনেটের গঠনরীতি সম্পর্কে আলোচনা করো। ৪+৬

**অথবা**, (গ) সংজ্ঞা ও উদাহরণসহ পরিচয় দাও (যে-কোনো **দুটি**) ঃ৫+৫

পর্ব, পঙ্‌ক্তি, কলা, যতিলোপ, পদ।

২। যে-কোনো **দুটি** অংশের ছন্দোলিপি রচনা করো ঃ ৫+৫

(মাত্রা, পর্ব, পদ, লয়, রীতির উল্লেখ বাধ্যতামূলক)

(ক) আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ
পেখলুঁ পিয়ামুখ চন্দা।
জীবন যৌবন সফল করি মানলুঁ
দশ দিশ ভেল নিরদন্দা।।

(খ) বৃষ্টি পড়ে এখানে বারো মাস
এখানে মেঘ গাভীর মতো চরে
পরাঙ্মুখ সবুজ নালি ঘাস
দুয়ার চেপে ধরে—।

(গ) আমরা দেখেছি যারা সুপুরির সারি বেয়ে সন্ধ্যা আসে রোজ
প্রতিদিন ভোর আসে ধানের গুচ্ছের মতো সবুজ সহজ।

(ঘ) হঠাৎ যদি নিবে যায় এই মোমের মৃদু আলো
ঋণী থাকবো ঝড়ের কাছে, বিদ্যুৎ চমকালো ...।

(ঙ) চুপ চুপ — ওই ডুব
দ্যায় পানকৌটি
দ্যায় ডুব টুপটুপ
ঘোমটার বউটি।

৩। (ক) উপমা অলংকার কাকে বলে? এই অলংকার কয় প্রকার? যে-কোনো তিনটি উপমা অলংকার উদাহরণসহ আলোচনা করো। ৩+৩+৯



**অথবা**, (খ) যে-কোনো **তিনটি** অলংকার সম্বন্ধে সংজ্ঞা ও উদাহরণসহ আলোচনা করো ঃ ৫×৩

যমক, সাঙ্গরূপক, ব্যতিরেক, ব্যাজস্তুতি, দৃষ্টান্ত।

৪। যে-কোনো **দুটি** অংশের অলংকার নির্ণয় করো ঃ ৫×২

(ক) বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিণীর বীণ।

(খ) এখানে হাওয়ায় যেন ভালোবাসা বীজ হয়ে আছে।

(গ) তোমার চুলের অন্ধকারে
ফুল নয়, ভুল রেখেছি বারে বারে।

(ঘ) হেথা সুখ গেলে
স্মৃতি একাকিনী বসি দীর্ঘশ্বাস ফেলে
শূন্য গৃহে।

(ঙ) সবই যায়, কিছুই থাকে না; থাকে শুধু কীর্তি।
কালিদাস গিয়াছেন, শকুন্তলা আছে।

৫। (ক) অভিসার কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? পাঠ্যপদের আলোচনার মাধ্যমে তাঁর শ্রেষ্ঠত্বের পরিচয় দাও। ৩+১+৮

**অথবা**, (খ) "বৈষ্ণব কবিরা প্রেমমনস্তত্ত্বের সুনিপুণ রূপকার।"—মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১২

৬। (ক) অভিনব হেম কল্পতরু সঞ্চরু
সুরধনী-তীরে উজোর।

—কোন্ পর্যায়ের পদ? কবি কে? অংশটির তাৎপর্য লেখো। ১+১+২

**অথবা**, (খ) আহীরী রমণী হাসে দাঁড়াইয়া চারপাশে
হয় নয় দেখ সুধাইয়া।

—কোন্ পর্যায়ের পদ? কবি কে? 'আহীরী' শব্দটির অর্থ কী? আহীরী রমণীদের হাসির কারণ কী? ১+১+১+১

৭। (ক) কবি মুকুন্দকে কেউ কেউ 'দুঃখবাদী কবি' আখ্যা দিয়ে থাকেন। এরূপ অভিধা কতদূর সংগত আলোচনা করে বুঝিয়ে দাও। ১৪

**অথবা**, (খ) ফুল্লরা চরিত্র নির্মাণে মুকুন্দের কৃতিত্বের পরিচয় দাও। ১৪

৮। (ক) শাশুড়ি ননদী নাহি নাহি তোর সতা
কার সনে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা।।

— প্রসঙ্গ নির্দেশ করে অংশটির তাৎপর্য বোঝাও। ২+২

**অথবা,** (খ) সরকার হইলা কাল খিলভূমি লেখে লাল
বিনা উপকারে খায় ধুতি।

—কোন্ অংশের অন্তর্গত? অংশটি ব্যাখ্যা করো। ১+৩

৯। (ক) শাক্তপদকর্তা হিসেবে কবি কমলাকান্ত ভট্টাচার্যের প্রতিভার পরিচয় দাও। ১২

**অথবা,** (খ) "পুরাণের শক্তিদেবী শাক্ত পদাবলীতে আসিয়া কল্যাণী জননীর রূপ পরিগ্রহ করিয়াছেন"—মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১২

১০। (ক) যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়—
এবার মায়ে-ঝিয়ে করবো ঝগড়া, জামাই বলে মানবো না।

— কোন্ পর্যায়ের পদ? কবি কে? পদটির কাব্যসৌন্দর্য ব্যাখ্যা করো। ১+১+২

**অথবা,** (খ) ত্যজিব সব ভেদাভেদ, ঘুচে যাবে মনের খেদ
ওরে শত শত সত্য বেদ, তারা আমার নিরাকারা।

—পদকর্তা কে? কোন্ পর্যায়ের পদ? পদটির অন্তর্নিহিত অর্থ লেখো। ১+১+২

১১। নীচে দেওয়া মূলকপিটি দেখে প্রুফকপিটি সংশোধন করো। ৫

মূলকপি

স্বদেশ আমার! কিবা জ্যোতির মণ্ডলী
ভূষিতো ললাট তব; অস্তে গেছে চলি
সে দিন তোমার; হায়! সেই দিন যবে
দেবতা সমান পূজ্য ছিলে এই ভবে।
কোথায় সে বন্দ্য পদ! মহিমা কোথায়!

প্রুফকপি

সদেশআমার কিবা জোতির ঢ়গুলী
ভূষিত ল লাট বত; আস্তে গেছে চলিয়া
সে দিন তোমার; হায় সেই দি নয বে
দেবতা সনাম পুজ্য ছিলেন এই ভবে
কোথা সে বন্দ পদ্য মহিমা কোথা



**অথবা,**

(শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নীচের যে-কোনো **পাঁচটি** বানান সংশোধন করো ঃ ৫

স্বার্থক, নুপূর, উপযোগীতা, ব্যাস্ত, শশ্মান, ভাগিরথি, মধুসুধন, জ্বিবীকা, মুমুর্ষু, পিপিলীকা।

## PART – II

## তৃতীয় পত্র — ২০১৭

### পূর্ণমান—১০০

১। (ক) মনস্তাত্ত্বিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। যে-কোনো একটি বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাস অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ২+৫+৭

**অথবা,** (খ) যে-কোনো **দুটি** বিষয় সম্পর্কে আলোচনা করো ঃ ৭+৭

(অ) আঞ্চলিক উপন্যাস, (আ) সামাজিক উপন্যাস, (ই) ঐতিহাসিক উপন্যাস, (ঈ) ছোটগল্প ও উপন্যাসের পার্থক্য।

২। (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসের ঐতিহাসিক পটভূমিকা আলোচনা করে এই উপন্যাসের শ্রেণিবিচার করো। ১৪

**অথবা,** (খ) অনেক সমালোচকের মতে 'চন্দ্রশেখর' উপন্যাসে বঙ্কিমচন্দ্র শৈবলিনী চরিত্র সৃষ্টিতে সুবিচার করেন নি।—এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে তোমার যুক্তি দেখাও। ১৪

৩। (ক) "যদি জানেন, যে ইংরাজের বিরোধী হইবে, সেই হারিবে, তবে কেন তাহাদিগের সঙ্গে বিবাদ করিতে প্রস্তুত হইয়াছেন?"—কে, কাকে উদ্দেশ্য করে এই উক্তিটি করেছিলেন? শ্রোতার উত্তরটির তাৎপর্য কী? ১+১+২

**অথবা,** (খ) "যাও, যেখানে ইন্দ্রিয়জয়ে কষ্ট নাই, রূপে মোহ নাই, প্রণয়ে পাপ নাই, সেইখানে যাও!"—উদ্দিষ্ট ব্যক্তিটি কে? বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

৪।(ক) "এখানকার হাস্যরসে রয়েছে স্বচ্ছতা ও নির্মলতা"—"শ্রীকান্ত" (১ম পর্ব) উপন্যাস প্রসঙ্গে সমালোচকের এই উক্তির যাথার্থ্য বিচার করো। ১৪

**অথবা,** (খ) "শ্রীকান্ত একাধারে একজন বিশিষ্ট ব্যক্তি, বিশেষ এক সময়ের, এক শ্রেণীর বাঙালি এবং পুরুষ জাতির চিরন্তন প্রতিনিধি।"—শ্রীপ্রমথনাথ বিশী মহাশয়ের এই মন্তব্যের আলোকে 'শ্রীকান্ত' (১ম পর্ব') উপন্যাসের নামচরিত্রটি আলোচনা করো। ১৪

৫। (ক) 'ওই লোকটি কি! মানুষ? দেবতা? পিশাচ? কে ও?'—এই উক্তিটি কার? কার প্রসঙ্গে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+১+২

**অথবা,** (খ) 'বড় প্রেম শুধু কাছেই টানে না—ইহা দূরেও ঠেলিয়া ফেলে।'—এই অনুভূতি কার? প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+২

৬। (ক) ''একদিন আমার সমস্ত ডানা মেলে পেয়েছিলুম আমার ওড়ার আকাশ, আজ আমি পেয়েছি আমার ছোট্ট বাসা, ডানা গুটিয়ে বসেছি। কিন্তু আমার আকাশও রইল।'—এই উক্তির আলোকে—'শেষের কবিতা' উপন্যাসের অমিত চরিত্রটি বিচার করো। ১৫

**অথবা,** (খ) 'শেষের কবিতা' উপন্যাসটি রবীন্দ্রনাথ ঠাকুরের একেবারেই একটি অভিনব এবং আধুনিকতার বার্তাবাহী রচনা—মন্তব্যটির যাথার্থ্য প্রতিপাদন করো। ১৫

৭। যে কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) '... শারীরিক বাঁচার কথা বলছিনে, কাব্যিক বাঁচা।'—কার বক্তব্য? উক্তিটির প্রসঙ্গ এবং তাৎপর্য নির্দেশ করো। ১+২+২

**অথবা,** (খ) ''এর পরে কোনো কথা বলবার কোনো দরকার হল না'।—কোন ঘটনার পর বর্তমান প্রসঙ্গটির অবতারণা? এর ফলশ্রুতি কী হয়েছিল? ১+৪

(গ) 'বিয়ে করে দুঃখ দিতে চাই নে। বিয়ে সকলের জন্য নয়।'—বক্তা কে? তিনি কাকে দুঃখ দিতে চান না? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(ঘ) '... শিলং পাহাড়টাকে ভল্‌ক্যানো বানিয়ে তুলেছে, ...''—কার উক্তি? উক্তিটির প্রসঙ্গ ও বক্তার মানসিকতার পরিচয় দাও। ১+১+৩

৮। (ক) ''হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসের নামে 'উপকথা' শব্দটির ব্যবহারে ঔপন্যাসিকের কোন দৃষ্টিভঙ্গি কাজ করেছে তা প্রাসঙ্গিকভাবে আলোচনা করে এই উপন্যাসটির নামকরণের সার্থকতা বিচার করো। ৫+১০

**অথবা,** (খ) 'হাঁসুলী বাঁকে করালী ফিরছে'।—'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাস অবলম্বনে 'করালী' চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো। ১৫

৯। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) 'আবার বেজে উঠল শিস! ওই!'—প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টি প্রাঞ্জল করো। ১+৪

(খ) 'বনওয়ারীর সঙ্গে সে কিন্তু ছলনা করলে'।—কে ছলনা করল? অংশটির তাৎপর্য নির্দেশ করো। ১+৪

(গ) 'গোটা কাহার পাড়ায় আজ সে দেবতা হয়ে উঠেছে!—কে দেবতা হয়ে উঠেছে? বিষয়টির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৪

(ঘ) 'হাঁসুলীবাঁকের উপকথার সবচেয়ে বুড়ী হ'ল সুচাঁদ।'—বাক্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

## চতুর্থ পত্র — ২০১৭

### পূর্ণমান—১০০

১। (ক) ঐতিহাসিক নাটকের সংজ্ঞা দিয়ে এর সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। প্রসঙ্গত একটি ঐতিহাসিক নাটকের পরিচয় দাও। ২+৫+৮

**অথবা,** (খ) যে-কোনো **দুটি** বিষয় সম্পর্কে আলোচনা করো ঃ ৭½+৭½

(অ) পৌরাণিক নাটক, (আ) একাঙ্ক নাটক, (ই) প্রহসন, (ঈ) কমেডি।

২। (ক) বাংলা নাট্যাভিনয়ের ক্ষেত্রে নাট্য নিয়ন্ত্রণ বিল উপস্থাপনার প্রেক্ষাপট বর্ণনা করো। প্রসঙ্গত বিলটির বিষয়বস্তু ও উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করো। ৫+৫+৫

**অথবা,** (খ) যে-কোনো **দুটি** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো ঃ ৭½+৭½

(অ) লেবেডফ ও বেঙ্গলি থিয়েটার, (আ) বাগবাজার অ্যামেচার থিয়েটার, (ই) ন্যাশনাল থিয়েটার (প্রথম পর্ব), (ঈ) বেলগাছিয়া নাট্যশালা।

৩। (ক) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনটিতে অভিজাত নারীচরিত্রগুলির উপস্থাপনায় সমকালীন যুগচিত্র যেভাবে চিত্রিত হয়েছে, তার পরিচয় দাও। ১০

**অথবা,** (খ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনটির অনুসরণে নবকুমার চরিত্রটি আলোচনা করো। ১০

৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে নাট্যকারের হাস্যরস পরিবেশনের নৈপুণ্য সম্পর্কে আলোচনা করো। ১০

**অথবা,** (খ) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটি অপ্রধান চরিত্রগুলির জন্যই উজ্জ্বল হয়ে উঠেছে।—আলোচনা করো। ১০

৫। (ক) 'মুক্তধারা' নাটকে ধনঞ্জয় চরিত্রটির গুরুত্ব আলোচনা করো। ১৫

**অথবা,** (খ) 'মুক্তধারা' নাটকের সংলাপে শোষিত মানুষের প্রতিবাদ ধ্বনিত হয়ে উঠেছে।—আলোচনা করো। ১৫

৬। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) ''আত্মীয়রূপী পর হচ্ছে কুঁজো মানুষের কুঁজ। পিছনে লেগেই থাকে, কেটেও ফেলা যায় না, বহন করাও দুঃখ।''—বক্তা কে? শ্রোতা কে? কার সম্পর্কে বলা হয়েছে? প্রসঙ্গটি উল্লেখ করো। ১+১+১+২

(খ) ''ভাই, তোমার জন্মক্ষণে গিরিরাজ তোমাকে পথে অভ্যর্থনা করেছেন,

ঘরের শঙ্খ তোমাকে ঘরে ডাকে নি।”—কে, কাকে বলেছে? কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(গ) “ও যে অমন করে মন্দিরের মাথা ছাড়িয়ে গেল এটা যেন স্পর্ধার মতো দেখাচ্ছে।”—কে. কাকে বলেছে? উক্তিটির তাৎপর্য কী? ১+১+৩

(ঘ) “সেইখানে যন্ত্রাসুরকে তিনি আঘাত করলেন, যন্ত্রাসুর তাঁকে সেই আঘাত ফিরিয়ে দিলে”।—কে, কাকে বলেছে? একথা কেন বলা হয়েছে ব্যাখ্যা করো। ১+১+৩

৭। “‘টিনের তলোয়ার’ নাটকের ময়না একটি প্রতিবাদী-রূপ চরিত্র।”—মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৫

**অথবা,** (খ) বাংলা নাটকের ইতিহাসের প্রেক্ষাপটে উৎপল দত্ত-র ‘টিনের তলোয়ার’ নাটকটির রচনা কতখানি সার্থক, বিচার করো। ১৫

৮। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘বাংলাভাষার জন্যে প্রাণ কাঁদে তো দলের নাম পর্যন্ত ইংরিজি কেন?’—প্রসঙ্গনির্দেশসহ মন্তব্যটি বিশ্লেষণ করো। ৫

(খ) ‘তুমি হয়তো থিয়েটারের জন্য ইজ্জৎ বেচতে পারো, সবাই অত সস্তা নাও হতে পারে।’—কে, কাকে বলেছে? একথা বলার কারণ কী? ১+১+৩

(গ) “আমি একদিক থেকে ব্রহ্মার সমান। আমি দেবশিল্পী বিশ্বকর্মা।”—কে, কখন একথা বলেছে? উক্তিটির আলোকে বক্তার চরিত্রের কোন্ বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ২+৩

(ঘ) “ক’টা গরীবকে চেনো বাবু? কথায় কথায় যে ইঞ্জিরি ঝাড়ো, দেশের মানুষ বোঝে?”—কে, কাকে, কোন্ প্রসঙ্গে বলেছে? কোন্ ধরনের মানুষের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ১+১+১+২

CITY COLLEGE LIBRARY

# C.U. BENGALI HONS. QUESTION PAPERS – 2017
## PART–III

### পঞ্চম পত্র — ২০১৭

### পূর্ণমান - ১০০

(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। (ক) মহাকাব্যের সংজ্ঞা লেখো। মহাকাব্য কয় প্রকার? বাংলা ভাষায় লেখা একটি মহাকাব্যের শ্রেণি উল্লেখ করে তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৬+২+১০

**অথবা,** (খ) উদাহরণসহ যে-কোনো *দুটি* বিষয় সম্পর্কে আলোচনা করো ঃ ৯×২

(অ) পত্রকাব্য (আ) আখ্যানকাব্য (ই) শোকগীতি।

২। (ক) 'নীলধ্বজের প্রতি জনা' পত্রিকাটি অবলম্বনে জনা চরিত্রটির অভিনবত্ব আলোচনা করো। ১২

**অথবা,** (খ) 'বীরাঙ্গনা' কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছিল? কাব্যটির নামকরণ কতদূর যুক্তিসঙ্গত তা পঠিত কবিতাগুলি অবলম্বনে আলোচনা করো। ২+১০

৩। (ক) 'এ মনে যে সুখপাখী ছিল বাসা বাঁধি,
কেন ব্যাধবেশে আসি বধিলে তাহারে,
নরাধিপ'?

— বক্তা কে? কার উদ্দেশ্যে কথাটি বলা হয়েছে? 'ব্যাধ' ও 'সুখপাখী'-র উপমাটি সুপ্রযুক্ত হয়েছে কিনা আলোচনা করো। ১+১+২

**অথবা,** 'জনম মম মহা ঋষিকুলে,
তবু চণ্ডালিনী আমি'?

— কার উক্তি? বক্তার এই আত্মগ্লানির কারণ কী? ১+৩

৪। (ক) 'ইহা প্রধানতঃ একটি নিখুঁত চিত্র, ইহাতে যে করুণরস আছে তাহা আমাদের চিত্তে সঞ্চারিত হইয়া গিয়া এক অলৌকিক মায়াময় ব্যঞ্জনা জাগাইয়া দেয়'।— 'সোনার তরী' কবিতাটি সম্পর্কে সমালোচকের এই উক্তি যথার্থ কিনা বিচার করো। ১২

**অথবা,** (খ) 'নিরুদ্দেশ যাত্রা' কবিতাটিতে প্রকাশিত রবীন্দ্রনাথের রোম্যান্টিক সৌন্দর্য ভাবনার স্বরূপটি আলোচনা করো। ১২

৫। (ক) দাঁড়ায়ে রয়েছ তুমি শ্যাম কল্পধেনু,
তোমারে সহস্র দিকে করিছে দোহন
তরুলতা পশুপক্ষী কত অগণন

তৃষিত পরাণি যত;

— কোন কবিতার অন্তর্গত? কাকে বলা হচ্ছে 'শ্যাম কল্পধেনু'? কেন? ১+১+২

**অথবা,** (খ)'আজ তার নাহি অধিকার
সে সংগীতে'।

— কোন কবিতার অংশ? কোন্ সংগীতের কথা বলা হয়েছে? সেই সংগীতের অধিকার কার কাছ থেকে, কেন হরণ করা হয়েছে? ১+১+২

৬। (ক) 'বিদ্রোহী' কোন্ কাব্যের অন্তর্ভুক্ত? কবিতাটির প্রথম প্রকাশকাল লেখো। কবির চিরবিদ্রোহের বাণী কীভাবে মানবপ্রেমে সমাহিত হয়েছে, কবিতাটি অবলম্বনে আলোচনা করো। ১+১+১০

**অথবা,** (খ) 'আমার কৈফিয়ৎ' কবিতা রচনার প্রেক্ষাপট বর্ণনা করে এই কবিতার শিল্পসৃষ্টি বিষয়ে কবির যে অভিমত প্রকাশিত হয়েছে তা আলোচনা করো। ৪+৮

৭। (ক) দুঃসহ দাহনে তব হে দর্পী তাপস
অম্লান স্বর্ণেরে মোর করিলে বিরস
অকালে শুকালে মোর রূপরস প্রাণ।

— কোন্ কবিতার অংশ? কাকে বলা হয়েছে 'দর্পী তাপস'? কেন? ১+১+২

**অথবা,** (খ) 'যুগের ধর্ম এই'
পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া দেবে তোমাকেই'।

—কোন্ কবিতার অংশ? 'যুগের ধর্ম' বলতে কী বোঝান হয়েছে? ১+৩

৮। (ক) 'সুচেতনা' কবিতায় কবির সমাজচেতনা ও কালচেতনার যে পরিচয় বিধৃত আছে, তার স্বরূপ আলোচনা করো। ৭+৭

**অথবা,** (খ) 'বাবরের প্রার্থনা' কবিতায় ইতিহাসের মোড়কে কবির সমকাল কীভাবে উপস্থাপিত হয়েছে তা আলোচনা করো। ১৪

৯। (ক) আজ আর বিমূঢ় আস্ফালন নয়,
দিগন্তে প্রত্যাসন্ন সর্বনাশের ঝড়;
আজকের নৈঃশব্দ্য, হোক যুদ্ধারম্ভের স্বীকৃতি।

—কার লেখা কোন্ কবিতার অংশ? এখানে কোন্ যুদ্ধের কথা বলা হয়েছে? ১+১+২

**অথবা,** (খ) কপাল থেকে দাঙ্গার রক্ত মুছে ফেলে
আমাকে বুকে করে তুলে নিতে এসেছে



আমেদাবাদের সুতো কলের জঙ্গী মজুর।
আমার মৃতদেহের পাহারাদার আজ
প্রতিটি হাল বহনকারী বলরাম।

— কার লেখা কোন্ কবিতার অংশ? কাব্যাংশটির তাৎপর্য লেখো। ১+১+২

১০। নিম্নলিখিত অংশ দুটির মধ্যে যে-কোনো ***একটির*** কাব্যশৈলী বিচার করো: ১৬

(ক) মেঠো সুরে কাঁদে যেন অনন্তের বাঁশি
বিশ্বের প্রান্তর-মাঝে; শুনিয়া উদাসী
বসুন্ধরা বসিয়া আছেন এলোচুলে
দূরব্যাপী শস্যক্ষেত্রে জাহ্নবীর কূলে
একখানি রৌদ্রপীত হিরণ্য-অঞ্চলে
বক্ষে টানি দিয়া; স্থির নয়নযুগল
দূর নীলাম্বরে মগ্ন; মুখে নাহি বাণী -
দেখিলাম তাঁর সেই ম্লান মুখখানি -
সেই দ্বারপ্রান্তে লীন, স্তব্ধ, মর্মাহত,
মোর চারি বৎসরের কন্যাটির মতো।।

**অথবা,** (খ) এখন যাদের পাশে রাত্তিরে দাঁড়ালে
চাঁদ ডাকে: আয় আয় আয়

এখন গঙ্গার তীরে ঘুমন্ত দাঁড়ালে
চিতাকাঠ ডাকে: আয় আয়

যেতে পারি
যে-কোনো দিকেই আমি চলে যেতে পারি
কিন্তু, কেন যাবো?

সন্তানের মুখ ধরে একটি চুমো খাবো।

**ষষ্ঠ পত্র — ২০১৭**

**পূর্ণমান — ১০০**

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

১। (ক) "পুতুল বই তো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছেন"।—এই

উক্তির আলোকে 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৪

**অথবা,** (খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে মতি-কুমুদ উপকাহিনি সংযোজনের সার্থকতা আলোচনা করো। ১৪

২। (ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসে উলগুলানের নেতৃত্ব বীরসা দিলেও ধানী মুণ্ডার গুরুত্বও কম নয়। উলগুলানে ধানী মুণ্ডার ভূমিকার মূল্যায়ন করো। ১২

**অথবা,** (খ) 'অরণ্যের অধিকার কৃষ্ণভারতের আদি অধিকার'—মন্তব্যটির আলোকে উপন্যাসটির মূল্যায়ন করো। ১২

৩। (ক) 'ল্যাবরেটরি' গল্পে সোহিনী এক অতুলনীয় সৃষ্টি—মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১২

**অথবা,** (খ) অতিপ্রাকৃত গল্প হিসেবে 'নিশীথে' গল্পটিকে গ্রহণ করা যায় কি না আলোচনা করো। ১২

৪। (ক) ধনতন্ত্র-সামন্ততন্ত্র বনাম শ্রমিক-কৃষকের সংঘাতের মাঝে 'ফসিল' গল্পের মুখার্জি চরিত্রটি আসলে দ্বন্দ্ব-বিক্ষুব্ধ মধ্যবিত্তের প্রতিনিধি — আলোচনা করো। ১৫

**অথবা,** (খ) ঘটনা-প্রাচুর্য থাকলেও লেখকের শিল্পিত সংযমের জন্যই 'পয়োমুখম' একটি সার্থক ছোটগল্প হয়ে উঠেছে—মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৫

৫। (ক) দাঙ্গার বিরুদ্ধে সাধারণ মানুষের অবস্থানটি স্পষ্ট হয়ে উঠেছে 'আদাব' গল্পে। — আলোচনা করো। ১৫

**অথবা,** (খ) 'অন্তঃসলিলা' গল্পে নবীন লেখিকা শকুন্তলা দেবীর পারিবারিক বিরুদ্ধ পরিবেশটি সাবিত্রী রায় কীভাবে তুলে ধরেছেন তা দেখাও। ১৫

৬। (ক) "বিন্দুরও পরিবর্তন হইয়াছিল, এও পরিবর্তন"। বিন্দুর কী পরিবর্তন হয়েছিল? এই পরিবর্তনটি কার এবং কী ধরনের পরিবর্তন? 2+২

**অথবা,** (খ) "সত্তর বছরের একটা বুড়ো মরবে' তাই নিয়ে দশটা গাঁয়ের লোক হৈ হৈ করছে।"—কার মৃত্যুর কথা বলা হয়েছে? কীভাবে তার মৃত্যু হয়? ১+৩

৭। (ক) "হা রে! আমি ধরতি - আবা চাইনা রে! আমি আমার ছেলারে বুকের ভিতর চাই।"— কার উক্তি? ছেলার জন্য এই কষ্ট কেন? ১+১+২

**অথবা,** (খ) "তোমার কথা ফিরায়ে নাও। বেইমানি জানে না হে মুণ্ডা। জানলে পরে তারা মিশনকে মিশন উড়ায়ে দিত"।— কে কাকে একথা বলেছে? একথা বলার পরে বক্তার কী পরিণতি হয়েছিল? ১+১+২

৮। (ক) "কেবল দুইজনে অন্ধকারের দিকে চাহিয়া রহিলাম। পদতলে গাঢ় কৃষ্ণবর্ণ উন্মত্ত মৃত্যুস্রোত গর্জন করিয়া ছুটিয়া চলিল।"—কোন্ দুইজন? কোন্ পরিস্থিতিতে এই অনুভব? ১+৩



**অথবা,** (খ) "এই চিঠিগুলো আমারই চিঠি হয়ে উঠল — ওগুলি আজ আমারই প্রাণের স্তবমন্ত্র।" — বক্তা কে? চিঠিগুলি কে, কাকে লিখেছিল? চিঠিগুলির প্রাপক লেখককে এবং বক্তাকে লেখা চিঠিতে কী জানিয়েছিল? ১+১+১+১

৯। যে-কোন ***দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) "বড় হয়ে আমি তোমায় নিয়ে যাবো".... - কে, কাকে নিয়ে যেতে চেয়েছে? এখন সে নিয়ে যেতে পারছে না কেন? ২+৩

(খ) "আটমাস পরে এই চমৎকার চটি জোড়া উপহার এসেছে।" — চটি জোড়া কোন্ উপাদানে তৈরি? এই উপাদান কীভাবে সংগৃহীত হয়েছিল সংক্ষেপে লেখো। ১+৪

(গ) "একটা আচমকা আঘাতে এরা সকলে যেন থ হয়ে গিয়েছে।"—কারা থ হয়ে গিয়েছে? কোন্ 'আচমকা আঘাত' - এর কথা এখানে বলা হয়েছে? ১+৪

(ঘ) "নিমাই পণ্ডিত যে বিয়ের পুরুত, সে বিষয়ে অমান্য করে কে?"— এখানে কাদের বিয়ের কথা বলা হয়েছে? উক্তিটিতে বক্তার কোন্ মানসিকতার প্রতিফলন ঘটেছে? ১+৪

১০। যে- কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) "সার্জারি করব। তোমাদের মতো পচা রক্ত বাদ দেব।"—কে, কাকে বলেছে? 'পচা রক্ত' বলতে কী বোঝানো হয়েছে? ২+৩

(খ) " ফতিমাদিকে কোনওদিন এভাবে দেখতে হবে, আমি কল্পনাও করিনি"— কার লেখা গল্পের অংশ? ফতিমাদিকে কীভাবে দেখা গিয়েছিল? তার এই অবস্থা কারা করেছিল? ১+৩+১

(গ) "আমি সত্যই ক্রিশ্চান নই গো বাপ"—প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

(ঘ) "সে নাকে মালতীফুলের গন্ধ পেল। কারণ শ্রীকান্তর গহর-ভাইয়ের কথা মনে পড়েছিল।"—কোন্ প্রসঙ্গে এই উক্তি? 'শ্রীকান্ত' কী ধরনের উপন্যাস? ৩+২

## সপ্তম পত্র — ২০১৭

**পূর্ণমান — ১০০**

**(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)**

১। (ক) প্রবন্ধ বলতে কী বোঝ? প্রবন্ধের শ্রেণিবিভাগ করো। উপযুক্ত উদাহরণসহ ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের লক্ষণগুলি আলোচনা করো। ৩+২+৫+৮

**অথবা,** (খ) যে-কোনো ***দু'টি*** বিষয়ে আলোচনা করো ঃ ৯+৯

(অ) পত্রসাহিত্য (আ) রম্যরচনা (ই) তুলনামূলক সমালোচনা পদ্ধতি (ঈ) ডায়ারি।

২। (ক) 'বিড়াল' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজভাবনার পরিচয় দাও। ১২

**অথবা,** (খ) 'কমলাকান্ত একাধারে, দার্শনিক, সমাজশিক্ষক, রাজনীতিজ্ঞ ও দেশপ্রেমিক'। — 'কমলাকান্তের দপ্তর'-এর পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১+৩

৩। (ক) 'মনুষ্যমাত্রেই পতঙ্গ'—কোন্ রচনার অংশ? একথা বলার কারণ পর্যালোচনা করো। ১+৩

**অথবা,** (খ) "পুষ্প আপনার জন্য ফুটে না। পরের জন্য তোমার হৃদয়-কুসুমকে প্রস্ফুটিত করিও।" — কোন্ রচনার অংশ? 'হৃদয়-কুসুম প্রস্ফুটিত' করার প্রসঙ্গটি বুঝিয়ে দাও। ১+৩

৪। (ক) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর চিঠিগুলির সঙ্গে, তাঁর লেখা সমকালীন কবিতার যোগসূত্র আলোচনা করো। ১২

**অথবা,** (খ) ছিন্নপত্র' গ্রন্থে পদ্মাতীরের মানবজীবন কেমন ভাবে ধরা পড়েছে তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো। ১২

৫। (ক) "আমি দেবতার মেয়ে, কিন্তু দেবতার ক্ষমতা আমার নেই।"— কে দেবতার মেয়ে? কেন সে অক্ষম? ১+৩

**অথবা,** (খ) "নিজের ভিতরকার এই অপার রহস্যের কথা মনে করলে ভারী ভয় হয়।"—এই অপার রহস্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। তার কথা মনে করায় লেখকের ভয়ের কারণই বা কী? ২+২

৬। (ক) "স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় সর্বস্তরেই শিক্ষার বাহন হিসাবে মাতৃভাষা ব্যবহারের সময় এসে গেছে।"— কোন্ প্রসঙ্গে লেখক একথা বলেছেন? বিদেশি ভাষায় শিক্ষাগ্রহণ করার কোন্ অসুবিধার কথা লেখক এখানে উল্লেখ করেছেন? মাতৃভাষা ব্যবহার প্রসঙ্গে লেখক জাপানের যে অভিজ্ঞতার কথা বলেছেন তা সংক্ষেপে লেখো। ৩+৪+৮

(খ) "কিন্তু একবার সাহিত্যশাসন ব্যবস্থা চালু হলে সহজে তা লোপ পাওয়ার নয়।"—'সাহিত্যের রাজনীতি' প্রবন্ধের অনুসরণে এই 'সাহিত্যশাসন ব্যবস্থা'র বিশদ পরিচয় দাও। ১৫

৭। (ক) 'শিল্প-সাহিত্যের গতির মোড় ঘোরে যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে।"— 'তিনদশকের নাট্য সমীক্ষা'—অবলম্বনে চল্লিশের দশকের নাটকের মোড় কীভাবে ঘুরেছে—আলোচনা করো। পরবর্তী দুই দশকের প্রগতিশীল বাংলা নাটক সম্পর্কে লেখকের অভিমত কী? ৭+৮



**অথবা,** (খ) 'রূপকথা' ও 'উপকথা' শব্দ দুটির পিছনে যে ভিন্ন চিন্তাধারা কাজ করে তার পরিচয় দাও। রূপকথা কীভাবে আমাদের জীবনের ওপর প্রভাব বিস্তার করে তা 'রূপকথা' প্রবন্ধ অনুসরণে লেখো।

৫+১০

৮। নিম্নলিখিত যে- কোনো ***একটি*** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে পুরুষ চরিত্র (খ) রবীন্দ্রনাথের উপন্যাসে নারী (গ) উনিশ শতকের বাংলা সাময়িক পত্র (ঘ) কল্লোলযুগের সাহিত্য (ঙ) মধুসূদনের কাব্যে আধুনিকতার উপাদান (চ) বাংলা কথাসাহিত্যে দেশভাগ ও দাঙ্গা (ছ) স্বাধীনতা-উত্তর বাংলা ছোটগল্প (জ) বাংলা পৌরাণিক নাটক। ২০

**অষ্টম পত্র — ২০১৭**

**পূর্ণমান — ১০০**

**(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)**

১। যে- কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) কালিদাস রচিত নাটকগুলির নামোল্লেখ করে যে কোনো দুটি নাটক অবলম্বনে নাট্যকার হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও।

৩+৬+৬

(খ) বাণভট্ট রচিত 'কাদম্বরীকথা' কী জাতীয় রচনা? এটি অবলম্বনে বাণভট্টের সাহিত্য প্রতিভার মূল্যায়ন করো।

৩+১২

(গ) 'গীতগোবিন্দম্' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে কবি হিসাবে জয়দেবের কৃতিত্ব বিচার করো।

৫+১০

২। যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো ঃ ৫+৫

মেঘদূতম্, রঘুবংশম, মালতীমাধব, হর্ষচরিত, মৃচ্ছকটিকম্।

৩। যে- কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) শেকস্‌পীয়রের সনেট সম্পর্কে আলোচনা করে কবি হিসাবে তাঁর বৈশিষ্ট্য ও কৃতিত্ব নিরূপণ করো।

১৫

(খ) রোম্যান্টিক যুগের শ্রেষ্ঠ গীতিকবি শেলীর কাব্যপ্রতিভার পরিচয় দাও।

১৫

(গ) চার্লস ডিকেন্স রচিত দুটি উপন্যাসের আলোচনা করে ঔপন্যাসিক হিসাবে তাঁর কৃতিত্ব বিচার করো।

১৫

৪। যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে উত্তর দাও ঃ ৫+৫

ম্যাকবেথ, প্যারাডাইস লস্ট, দি লিরিক্যাল ব্যালাড্‌স্, এন্ডিমিয়ন, আর্মস অ্যান্ড দি ম্যান।

৫। যে- কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) প্রেমচন্দের ছোটোগল্পগুলি অবলম্বনে গল্পকার হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ১৪

(খ) ছায়াবাদী কবি সূর্যকান্ত ত্রিপাঠী নিরালার কাব্যকৃতিত্ব আলোচনা করো। ১৪

(গ) ঔপন্যাসিক হিসাবে ফণীশ্বরনাথ রেণুর প্রতিভার মূল্যায়ন করো। ১৪

৬। যে-কোনো *একটি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো ঃ ৪

দুর্লভ বন্ধু, গোদান, দীপশিখা।

৭। (ক) "কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা ঃ কথা নয়, ধ্বনি, রসধ্বনি"—আলোচনা করো। ১৬

*অথবা,* (খ) সংক্ষিপ্ত আলোচনা করো ঃ ( যে- কোনো *দুটি*) ঃ ৮+৮

(অ) রীতিরাত্মা কাব্যস্য (আ) সাহিত্যের নবরস (ই) বিভাব ও অনুভাব।

৮। (ক) "সৌন্দর্যও জগদ্‌ব্যাপারের মধ্যে ঈশ্বরের ঐশ্বর্যকে প্রকাশ করে, মঙ্গলও মানুষের জীবনে তাহাই করিয়া থাকে।"—সৌন্দর্য ও মঙ্গলকে রবীন্দ্রনাথ কীভাবে মিলিয়ে দিয়েছেন এই উক্তির আলোকে সংশ্লিষ্ট প্রবন্ধ অবলম্বনে তা আলোচনা করো। ১৬

*অথবা,* (খ) যে- কোনো *দুটি* উদ্ধৃতির সংক্ষিপ্ত আলোচনা করো ঃ ৮+৮

(অ) "চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ। চিত্র ভাবকে আকার দেয় এবং সংগীত ভাবকে গতিদান করে।"

(আ) "জগতের উপরে মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের কারখানা — সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।"

(ই) "সাহিত্য প্রকৃতির আর্শি নহে।"

CITY COLLEGE LIBRARY
182/1, Raja Rammohan Sarani
Calcutta-9